গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী
www.nilphamari.gov.bd
(আইসিটি শাখা)

স্মারক নম্বর- ০৫.৪৭.৭৩০০.০২৫.০৫.০০২.২৩- ৮৪

তারিখ: ১২ আশ্বিন ১৪৩০
২৭ সেপ্টেম্বর ২০২৩

বিষয় : ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্ম-পরিকল্পনা সূচক ২.১.১ মোতাবেক ডাটাবেজ সংরক্ষণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২৪ এর ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার সূচক ২.১.১ মোতাবেক ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটবেজ প্রস্তুত করা হয়েছে।

এমতাবস্থায়, বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ২০২৩-২৪ এর পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটবেজ জেলা প্রশাসনের ওয়েবসাইটের ইনোভেশন কর্নারে নির্দেশক্রমে সংরক্ষণ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে ০২ (দুই) পাতা।

27/9/26

(সাদিয়া আফরিন এ্যানি)
সহকারী কমিশনার
আইসিটি শাখা
জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী
email: acictnilphamari@mopa.gov.bd

সহকারী কমিশনার
সাধারণ শাখা
জেলা প্রশাসকের কার্যালয়
নীলফামারী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী
www.nilphamari.gov.bd
(আইসিটি শাখা)

বিষয় : ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটবেজ।

| ক্রম | ইতঃপূর্বে উদ্ভাবিত/ সহজিকৃত/ ডিজিটাইজকৃত সেবার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | লিংক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | বয়:সন্ধিকালীন শিক্ষা ও সেবা কর্নার | বাংলাদেশে বর্তমানে মোট জনসংখ্যার ২৩% কিশোর-কিশোরী। এর মধ্যে ৪৮% কিশোরী এবং ৫২% কিশোর। দেশে বাল্য বিবাহের হার ৫৯% এবং তাদের মধ্যে ৩১% গর্ভধারণ করে। বাল্য বিয়ে ও মাতৃত্বজনিত সমস্যার পাশাপাশি কিশোরীরা অনিরাপদ গর্ভপাত, লিঙ্গ ভিত্তিক বৈষম্য, নির্যাতন, যৌনবাহিত সংক্রমণ, অপুষ্টিজনিত সমস্যা, ইত্যাদির শিকার হয়ে থাকে। কিশোরীরা যৌন ও প্রজনন স্বাস্থ্য বিষয়ে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র অথবা মা ও শিশু কল্যাণ কেন্দ্রে গিয়ে সেবা গ্রহণ করতে স্বাচ্ছন্দ্যবোধ করে না। উপরন্তু বয়ঃসন্ধিকালীন বিভিন্ন সমস্যায় কিশোরীরা বিদ্যালয়ে যাওয়া থেকে বিরত থাকে। এ সমস্যা সমাধানে জেলা প্রশাসন, নীলফামারীর তত্ত্বাবধানে সরকারি ও বেসরকারি সংস্থার সমন্বয়ে মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বয়ঃসন্ধিকালীন শিক্ষা ও সেবা কর্নার চালু করা হয়েছে। | আছে | হ্যাঁ | - | সামাজিক উদ্যোগ |
| ০২ | ভিপি/এপি (সম্পত্তি) লীজ নবায়ন/নাম পরিবর্তন সহজীকরণ | লীজ নবায়ন/নাম পরিবর্তন আবেদন ও নিষ্পত্তি প্রক্রিয়ার দীর্ঘসূত্রিতার কারণে লীজগ্রহীতাগণ নানাভাবে ভোগান্তির শিকার হন। এতে লীজগ্রহীতাগণ লীজ নবায়নে উৎসাহ হারিয়ে ফেলেন এবং লীজমানি বকেয়া থেকে যায়। উদ্ভাবনী আইডিয়ার ফলে ওয়ানস্টপ সার্ভিসের মাধ্যমে সেবাগ্রহীতাগণ ভিপি/এপি (সম্পত্তি) লীজ নবায়ন/ নাম পরবর্তন করতে পারছেন। | আছে | হ্যাঁ | www.nilphamarivpap leaserenewal.com | |

| ক্রম | ইতঃপূর্বে উদ্ভাবিত/ সহজিকৃত/ ডিজিটাইজকৃত সেবার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | লিংক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০৩ | স্কিল ডেভেলপমেন্ট সেন্টার | জেলা প্রশাসকের কার্যালয়ে স্থাপিত স্কিল ডেভেলপমেন্ট সেন্টার সরকারি কর্মকর্তা-কর্মচারীদের স্বয়ংসম্পূর্ণ ল্যাবে বছরব্যাপী বিভিন্ন সরকারি প্রশিক্ষণ ছাড়াও দক্ষতা উন্নয়নমূলক নানা প্রশিক্ষণ গ্রহণ সহজ করে তুলেছে। প্রশিক্ষণার্থী কাউকে ল্যাপটপ, মডেম, মাল্টিপ্লাগ ইত্যাদি সাথে নিয়ে আসতে হয় না বলে সবার প্রশিক্ষণ গ্রহণ সহজলভ্য হয়েছে। এছাড়া, সম্ভাবনাময় তরুণ ও বেকার যুবকদের আইসিটি প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে তাদের কর্মসংস্থান সৃষ্টি ও স্বাবলম্বী হওয়ার ক্ষেত্র প্রস্তুত করা হচ্ছে। | আছে | হ্যাঁ | - | সেবা সহজীকরণ |
| ০৪ | অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীদের পরিচয়পত্র প্রদানের মাধ্যমৈ তাদের সেবা প্রাপ্তি সহজীকরণ | সরকারি কর্মচারীরা চাকুরিকালে জনগণকে সেবা দিয়ে থাকেন। তাদের অবসর গ্রহণের পর বিভিন্ন দপ্তরে তাদের নানা সেবা গ্রহণের প্রয়োজন হয়। তাদের সেবা প্রাপ্তি সহজীকরণের ক্ষেত্রে পরিচয়পত্র না থাকা একটি অন্তরায় হয়ে দাঁড়ায়। সেই লক্ষ্যে নীলফামারী জেলার অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীদের জেলা প্রশাসন কর্তৃক বিশেষ কার্ড প্রদানের মাধ্যমে বিভিন্ন দপ্তরে সেবা গ্রহণ নিশ্চিত করা সম্ভব হবে। | আছে | হ্যাঁ | - | সামাজিক উদ্যোগ |
| ০৫ | বয়স্ক ও প্রতিবন্ধীবান্ধব গণশুনানী কেন্দ্র স্থাপন | আধুনিক জনপ্রশাসনকে আরও গতিশীল ও জনমুখী করতে জনগণের সমস্যা সম্ভাবনা নিয়ে জেলা প্রশাসকের দপ্তরে গণশুনানী নামে জেলা প্রশাসকের সাথে জনগণের আলোচনা/সাক্ষাৎকার অনুষ্ঠিত হয়। প্রতি বুধবার গণশুনানীর মাধ্যমে জেলা প্রশাসক জনগণের অভাব, অভিযোগ, আবেদন, নিবেদন শোনেন এবং তাৎক্ষণিকভাবে নিষ্পত্তিযোগ্য বিষয়সমূহ তৎক্ষণাৎ নিষ্পত্তি করে জনগণকে সেবা প্রদান করে থাকেন। শারিরীক প্রতিবন্ধীসহ বয়স্কদের জেলা প্রশাসকের কার্যালয়ের দ্বিতীয় তলায় উঠা খুবই কষ্টকর। সাক্ষাতপ্রার্থীদের সেবা প্রদান নিশ্চিত করার লক্ষ্যে জেলা প্রশাসকের কার্যালয়ের নিচতলায় বয়স্ক ও প্রতিবন্ধীবান্ধব গণশুনানী কেন্দ্র স্থাপন করা হয়েছে। | আছে | হ্যাঁ | - | সেবা সহজীকরণ |